

উপজেলায় জুলাই, ১৯৯৫ হতে জুন, ২০০৭ মেয়াদে পল্লী জীবিকায়ন প্রকল্প-১ম পর্যায় সফলভাবে বাস্তবায়িত হয়। পরবর্তীতে প্রশাসনিক মন্ত্রণালয়ের অণুমোদনক্রমে প্রকল্পের কার্যক্রমজুলাই, ২০০৭ থেকে জুন, ২০১২ মেয়াদে সমাপ্ত প্রকল্পের আদলে নিজস্ব আয় দ্বারা কর্মসূচি হিসেবে পরিচালিত হয়। জুলাই, ২০১২ থেকে জুন, ২০১৫ মেয়াদে পল্লী জীবিকায়ন প্রকল্প-২য় পর্যায়চ দেশের ০৭টি বিভাগের ৪২টি জেলার ১৯০টি উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্প-২য় পর্যায়চ গ্রহণ করা হয়। প্রকল্পটির মেয়াদ শেষে জুলাই/২০১৫ হতে জুন/২০২১ পর্যন্ত নিজস্ব অর্থায়নে পুনরায় কর্মসূচি আকারে পরিচালিত হয়। কর্মসূচির সফল বাস্তবায়নের পরিপ্রেক্ষিতে “পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়”সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত হয়। গ্রামীণ দরিদ্র নারী ওপুরুষদের টেকসই দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও আয়বর্ধনমূলক কার্যক্রমের জন্যমূলধন সহায়তা প্রদান করে আত্মকর্মসংস্থানের মাধ্যমে বেকারস্ব দূরীকরণ ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে বার্ষিক জিডিপিতে অবদান এবং ভিশন-২০৪১বাস্তবায়নে সহায়ক ভূমিকা রাখা “পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়চ এর মূল লক্ষ্য ও উদ্দেশ্য।